

## সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪১৯৮

৩০/ ফিতনা-ফ্যাসাদ (كتاب الفتن والملاحم)

পরিচ্ছেদঃ ১. ফিতনা ফ্যাসাদের উল্লেখ এবং এর নিদর্শনাবলী।

### باب ذِكْرِ الْفِتَنِ وَدَلَائِلِهَا

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ الْقَعْنَبِيُّ، حَدَّثَنَا سُلَيْمَانُ، - يَعْنِي ابْنَ الْمُغِيرَةَ - عَنْ حُمَيْدٍ، عَنْ نَصْرِ بْنِ عَاصِمِ اللَّيْثِيِّ، قَالَ أَتَيْنَا الْيَشْكُرِيَّ فِي رَهْطٍ مِنْ بَنِي لَيْثٍ فَقَالَ مَنْ الْقَوْمُ فَقُلْنَا بَنُو لَيْثٍ أَتَيْنَاكَ نَسْأَلُكَ عَنْ حَدِيثٍ حُذِيفَةَ فَذَكَرَ الْحَدِيثَ قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ هَلْ بَعْدَ هَذَا الْخَيْرِ شَرٌّ قَالَ " فِتْنَةٌ وَشَرٌّ " . قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ هَلْ بَعْدَ هَذَا الشَّرِّ خَيْرٌ قَالَ " يَا حُذِيفَةُ تَعَلَّمَ كِتَابَ اللَّهِ وَاتَّبَعَ مَا فِيهِ " . ثَلَاثَ مَرَّاتٍ . قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ هَلْ بَعْدَ هَذَا الشَّرِّ خَيْرٌ قَالَ " هُدْنَةٌ عَلَى دَخْنٍ وَجَمَاعَةٌ عَلَى أَقْدَاءٍ فِيهَا أَوْ فِيهِمْ " . قُلْتُ يَا رَسُولَ اللَّهِ الْهُدْنَةُ عَلَى الدَّخْنِ مَا هِيَ قَالَ " لَا تَرْجِعُ قُلُوبُ أَقْوَامٍ عَلَى الَّذِي كَانَتْ عَلَيْهِ " . قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَبْعَدَ هَذَا الْخَيْرِ شَرٌّ قَالَ " فِتْنَةٌ عَمِيَاءُ صَمَاءُ عَلَيْهَا دُعَاةٌ عَلَى أَبْوَابِ النَّارِ فَإِنْ تَمَّتْ يَا حُذِيفَةُ وَأَنْتَ عَاضٌ عَلَى جِذْلِ خَيْرٍ لَكَ مِنْ أَنْ تَتَّبِعَ أَحَدًا مِنْهُمْ " .

বাংলা

৪১৯৮. আবদুল্লাহ ইব্ন মাসলামা (রহঃ) .... নাসর ইব্ন আসিম লায়ছি (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমরা লায়ছ-গোত্রের প্রতিনিধিদের সাথে ইয়াশ্কুরী (রহঃ) এর নিকট উপস্থিত হলে, তিনি জিজ্ঞাসা করেনঃ তোমরা কারা? আমরা বলিঃ আমরা লায়ছ গোত্রের লোক। আমরা আপনার কাছে হুয়ায়ফা (রাঃ) এর হাদীছ সম্পর্কে জিজ্ঞাসা করার জন্য এসেছি। তিনি হাদীছ বর্ণনা প্রসঙ্গে বলেনঃ আমি বলিঃ ইয়া রাসূলুল্লাহ! এ ভাল অবস্থার পর কি খারাপ অবস্থার সৃষ্টি হবে? তিনি বলেনঃ ফিতনার সৃষ্টি হবে। তিনি জিজ্ঞাসা করেনঃ ইয়া রাসূলুল্লাহ! ফিতনা-ফ্যাসাদের পর পুনরায় কি ভালো অবস্থার সৃষ্টি হবে? তিনি বলেনঃ হে হুয়ায়ফা! আল্লাহর কিতাবের জ্ঞান অর্জন কর এবং এতে যা আছে তার অনুসরণ কর। তিনি তিনবার একথা বলেন।

রাবী হুয়ায়ফা (রাঃ) বলেনঃ আমি জিজ্ঞাসা করি, ইয়া রাসূলুল্লাহ! এ খারাপ অবস্থার পর কি আবার ভালো

অবস্থার সৃষ্টি হবে? তিনি বলেনঃ هُدْنَةُ عَلَى دَخْنٍ আর এরা হবে এমন এক জামাআত, যাদের দিল অন্ধকারাচ্ছন্ন হবে।

রাবী বলেনঃ আমি জিজ্ঞাসা করিঃ هُدْنَةُ عَلَى دَخْنٍ এর অর্থ কি? ইয়া রাসূলুল্লাহ! তিনি বলেনঃ মানুষের অন্তর বা দিল যে অবস্থায় থাকবে, তা থেকে পরিবর্তিত হবে না।

রাবী বলেনঃ তখন আমি বলিঃ ইয়া রাসূলুল্লাহ! এ ভালো অবস্থার পর কি আবার খারাপ অবস্থার সৃষ্টি হবে? তিনি বলেনঃ এরপর সর্বগ্রাসী ফিতনার সৃষ্টি হবে, তখন লোকদের আঙনের দরজার দিকে আহ্বান করা হবে। অতএব হে হুযায়ফা! যদি তুমি সে সময় পাও, তবে তাদের কারো আনুগত্য করার চাইতে, তোমার জন্য উচিত হবে জঙ্গলে গিয়ে গাছের শিকড়, ফল-মূল ইত্যাদি খেতে খেতে মারা যাওয়া।

## English

Narrated Hudhayfah:

The tradition mentioned above has also been transmitted through a different chain of narrators by Nasr ibn Asim al-Laythi who said: We came to al-Yashkuri with a group of the people of Banu Layth.

He asked: Who are these people? We replied: Banu Layth. We have come to you to ask you about the tradition of Hudhayfah. He then mentioned the tradition and said: I asked: Messenger of Allah, will there be evil after this good?

He replied: There will be trial (fitnah) and evil. I asked: Messenger of Allah, will there be good after this evil? He replied: Learn the Book of Allah, Hudhayfah, and adhere to its contents. He said it three times.

I asked: Messenger of Allah, will there be good after this evil? He replied: An illusory truce and a community with specks in its eye. I asked: Messenger of Allah, what do you mean by an illusory community?

He replied: The hearts of the people will not return to their former condition. I asked: Messenger of Allah, will there be evil after this good? He replied: There will be wrong belief which will blind and deafen men to the truth in which there will be summoners at the gates of Hell. If you, Hudhayfah, die adhering to a stump, it will be better for you than following any of them.

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=36304>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন